যাচনদার	বি	**याचनदार**	যাচাইকারী	जाँच करने वाला	Inspector
যাচা	ক্রি	**याचा**	১. প্রার্থনা করা, চাওয়া ২. দিবার অনুমতি প্রার্থনা পূর্বক দান করা ৩. যাচাই করা	प्रार्थना करना, माँगना जाँचना, किसी चीज की कीमत देने की अनुमति देना जाँच करना	to pray to beg to determine or estimate the price or worth, to allow to give to inspect by comparison inspection
যাচাই	বি	**याचाइ**	পরীক্ষা বা অনুসন্ধানের দ্বারা দ্রব্যাদির উৎকর্ষ বা মূল্য নিরূপণ	परीक्षण व पड़ताल द्वारा किसी वस्तु का मूल्य निर्धारण	act of determining the worth of a thing
যাচানো	ক্রি	**याचानो**	যাচাই করা	निरीक्षण करवाना या परीक्षा	to cause to ascertain,

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
	বিণ		যাচানো	করবানা, জঁচবানা	or inspect
যাচিত	বিণ	**याचित**	প্রার্থিত, নিরীক্ষিত	নিরীক্ষণ কিয়া হুআ, মাঁগা হুআ	inspected, ascertained or assessed, begged
যাচ্ছেতাই	বিণ	**याच्छेताइ**	১. কদর্য ২. যাহা ইচ্ছা তাহাই	ভদ্দা, কুরুপ নিরংকুশ	ugly, worthless indiscreet
যাজক	বি	**याजक**	যজ্ঞ সম্পাদক, পুরোহিত, ঋত্বিক	যাজক, যজ্ঞ করনে/করানে বালা পুরোহিত, ঋত্বিক	a priest a clergyman
যাজকতা	বি	**याजकता**	যাজক বৃত্তি	যজ্ঞ করনে/করানে কা কাম যা পুরোহিতী	priestship, priesthood
যাজন	বি	**याजन**	পৌরহিত্য, ঋত্বিকের বৃত্তি	পৌরোহিত্য, পুরোহিতী, ঋত্বিকী	act of conducting a religious service in the capcity of a priest
যাজী	বিণ	**याजी**	যাজক, যজ্ঞকর্তা, পূজারী	যাজক, যজ্ঞ করানে বালা, যজ্ঞ কর্তা, পুজারী	a priest, a clergyman
যাজ্য	বিণ	**याज्य**	১. যাজন যোগ্য ২. যাহার জন্য যাগ করা যায় ৩. যজ্ঞ ক্রিয়ার যোগ্য	যজ্ঞ করানে যোগ্য জিসকে লিএ যজ্ঞ কিয়া জাএ	a person for whom a religious service is conducted, worthy of a religious service
যাজ্ঞবল্ক	বি	**याज्ञवल्क**	যজুর্বেদ প্রবক্তা ধর্মশাস্ত্রকার ঋষি বিশেষ	যাজ্ঞবল্ক্য ঋষি, যজুর্বেদ কা প্রণেতা, ধর্মশাস্ত্রকার	Yagnavalkya, the author sage of Yajurveda
যাজ্ঞিক	বিণ	**याज्ञिक**	যজ্ঞীয়	যাজ্ঞিক, যজ্ঞ করনে/করানে বালা	relating to the Vedic sacrifice
	বি		যজ্ঞকর্তা, পুরোহিত	যজ্ঞকর্তা, পুরোহিত	sacrificial, one who performs a

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
					religious sacrifice
যাত	বিণ	**यात**	১. অতীত ২. লব্ধ ৩. জ্ঞাত	अतीत लब्ध ज्ञात	past attained known
যাতনা	বি	**यातना**	যন্ত্রনা	यातना, यंत्रणा	pain, agony, suffering
যা-তা	বিণ	**या-ता**	দ্রঃ - যাচ্ছেতাই		
যাঁতা	বি	**यांता**	পেষণ যন্ত্র	चक्की	millstone, grinding stone
যাতাযাত/ যাওয়া আসা	বি	**यातायात/ याओया-आसा**	গমনাগমন, যাওয়া, আসা	यातायात, आवागमन	coming and going, arrival and departure, traffic
যাত্রা	বি	**यात्रा**	১. গমন ২. প্রস্থান ৩. যাপন, নির্বাহ ৪. বার (এ যাত্রা বেঁচে গেল) ৫. দেবতাদের উৎসব ৬. দৃশ্য পটহীন মঞ্চে অভিনয়	यात्रा प्रस्थान बिताना, निर्वाह बार, दफा (इस बार) देवता-देवीका उत्सव या अनुष्ठान बिनादृश्यपट के मंच अभिनय	coming and going, setting out on a journey maintenance occasion, an open air performance (jatra) acting on a stage without any scence (visuals)
যাত্রাবদল	বি	**यात्राबदल**	যে স্থান হইতে যাত্রা আরম্ভ করা হইয়াছিল সেইস্থানে ফিরিয়া আসিয়া নূতন করিয়া যাত্রা আরম্ভ	जिस स्थान से यात्रा आरंभ हुई वहीं फिर लौटकर नए रूप से यात्रा कां आरंभ करना (किसी अशुभ संकेत के कारण)	coming back to starting point and starting again (due to some inauspicious signs)
যাত্রিক	বিণ	**यात्रिक**	১. যাত্রা বিষয়ক ২. যাত্রা যোগ্য	यात्रा संबंधी कहीं जाने योग्य	relating to jatra, of commencing a journey,

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			৩. যাত্রাকারী	यात्रा करने वाला	a journey maker
	বি		১. পাথেয়	सफर का सामान, पाथेय	a traveller
			২. পথিক	पथिक	provisions for a journey
			৩. উৎসব	उत्सव	a festival
যাত্রী	বিণ বি	**যাত্রী**	১. যাত্রাকারী	यात्री, यात्रा करनेवाला	one who commences a journey
			২. ভ্রমণকারী	भ्रमण करने वाला	a traveller
			৩. তীর্থযাত্রী	तीर्थयात्री	a pilgrim
যাথার্থ্য	বি	**যাথার্থ্য**	সত্য, যথার্থতা	सत्य, यथार्थ	truth, reality
যাদব	বিণ	**যাদব**	যদুবংশীয়	यादव, यदुवंशीय	descended from king Yadu
	বি		শ্রীকৃষ্ণ	श्रीकृष्ण	Lord Krishna
যাদু	বি	**যাদু**	দ্রঃ - জাদু		
যাদৃশ	বিণ	**যাদৃশ**	যে প্রকার, যেমন	यादृश, जैसा, जिस प्रकार का	such as
যাদৃশী	বিণ	**যাদৃশী**	যাদৃশ শব্দের স্ত্রীলিঙ্গ	यादृश, शब्द का स्त्रीलिंग रूप	(f) such as
যান	বি	**যান**	১. যাহাতে চড়িয়া যাওয়া যায়, বাহন	यान, जिसपर चढ़कर जाया जाता है, वाहन या सवारी	a conveyance a transport
			২. যাত্রা বা নির্গমন	यात्रा या निर्गमन	a vehicle
যান্ত্রিক	বিণ	**যান্ত্রিক**	১. যন্ত্র সম্বন্ধীয়	यांत्रिक, यंत्र संबंधी	pertaining to machines,
			২. যন্ত্র বিশারদ	यंत्रों या मशीनों का जानने वाला विशेषज्ञ	a mechanic
যাপক	বিণ	**যাপক**	যাপনকারী	बिताने या व्यतीत करने वाला	one who spends or passes (time)

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
যাপন	বি	**यापन**	অতিবাহন	यापन, बिताना या काटना	spending, passing (of time)
যাবক	বি	**यावक**	আলতা	आलता, महावर	lac dye
যাবজ্জীবন	ক্রি বিণ	**यावज्जीवन**	চিরজীবন, আমরণ	आजीवन, जिंदगी भर	as long as one's, life lasts, till death
যাবৎ	বিণ	**यावत्**	যে পর্যন্ত ধরিয়া যত, যাহা কিছু সমুদয়	जब तक, जहाँ तक जितना, जो कुछ (समस्त)	as long as, till, as much, untill, all
যাবতীয়	বিণ	**यावतीय**	যত কিছু, সমস্ত	जो कुछ, समस्त	whatever, all, one and all
যাবনিকা	বিণ	**यावनिक**	১. যবন সংক্রান্ত ২. যবন সুলভ	यवन संबंधी यवन सुलभ	relating to a foreigner
যাম	বি	**याम**	প্রহর, তিন ঘন্টা	याम, प्रहर, तीन घंटा	an ancient limit of time equivalent to 3 hours
যামল	বি	**यामल**	১. যুগ্ম, যুগল ২. তন্ত্র শাস্ত্রের প্রকার প্রকারভেদ	जुड़वां बच्चे, युगल तंत्र शास्त्र का एक प्रकार	pair, couple, a particular Tantra
যায়/জায়	বি	**याय/जाय**	তালিকা, ফর্দ,	तालिका, लिस्ट	list, catalogue, an inventory,
	ক্রি বিণ		বাবদ দরুণ	बाबत बारे में	on account of,
যাযাবর	বি/বিণ	**यायावर**	নিয়ত ভ্রমণকারী, ভবঘুরে	लगातार घूमने वाला खानाबदोश, जिसका कोई नियत स्थान न हो	wanderer, migratory, nomad
যার	সর্ব	**यार**	যাহার-এর সংক্ষিপ্ত রূপ	जिसका	whose
যারতার	বিণ	**यारतार**	এক বা একাধিক	जिसका तिसका, तुच्छ	of any

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			তুচ্ছ ব্যক্তির	व्यक्तियों का	of any Tom, Dick and Harry
যারপরনাই	বিণ	**यारपरनाइ**	যৎপরোনাস্তি	बहुत अधिक, निस्सीम	extreme, limitless
যাহা	সর্ব	**याहा**	যে বস্তু বা বিষয়	जो (वस्तु अथवा विषय)	which, what, that
যাহাকে	সর্ব	**याहाके**	যে ব্যক্তিকে	जिस (व्यक्ति को)	one to whom, whom
যাহাতাহা/ যা-তা	বিণ	**याहाताहा/ या-ता**	যা-তা, খেলো, বাজে, খেয়ালখুশী অনুযায়ী, অনির্দিষ্ট, মন্দ কিছু	बेकार, व्यर्थ, मनमौजी जैसा तैसा (खाना) जैसा तैसा (काम)	useless, worthless, whimsical
যিনি	সর্ব	**यिनि**	যে ব্যক্তি	जो (व्यक्ति)	one who, the one
যীশু	বি	**यीशु**	যীশুখৃষ্ট	ईसा मसीह	Jesus
যুঁই/জুঁই	বি	**युंइ/जुंइ**	যূথিকা, সুগন্ধি পুষ্প বিশেষ	जूही	a kind of small fragrant flower
যুক্ত	বিণ	**युक्त**	১. সংলগ্ন ২. অন্বিত ৩. নিয়োজিত ৪. যোগ করা হইয়াছে এমন ৫. সমন্বিত ৬. পরিমিত ৭. যোগরত	युक्त, संलग्न लगा हुआ नियोजित जुड़ा हुआ समन्वित परिमित योगरत	attatched, connected, employed, added, related, defined, joined
যুক্তকর	বিণ বি	**युक्तकर**	কৃতাঞ্জলি, জোড়হাত জোড়করা হাত	हाथ जोड़कर, करबद्ध जुड़े हुए हाथ	one with folded hands folded hands
যুক্তপ্রদেশ	বি	**युक्तप्रदेश**	বর্তমান ভারতের উত্তর প্রদেশ	वर्तमान भारत का उत्तर प्रदेश (पहले युक्तप्रांत)	the united province in British India modern U.P.
যুক্তবেণী	বি	**युक्तवेणी**	গঙ্গা, যমুনা ও সরস্বতী	गंगा, यमुना और सरस्वती	the confluence of the

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			নদীর সঙ্গম, ত্রিবেণী	नदियों का संगम, त्रिवेणी	Ganges, the Jamuna and the Saraswati near Allahabad
যুক্তরাজ্য	বি	**युक्तराज्य**	গ্রেট ব্রিটেন ও আয়রল্যান্ড	युक्त राज्य, ग्रेट ब्रिटेन और आयरलैंड	the United Kingdom (of Great Britain and Ireland)
যুক্তরাষ্ট্র	বি	**युक्तराष्ट्र**	প্রেসিডেন্ট বা রাষ্ট্রপতি শাসিত উত্তর আমেরিকার রাষ্ট্রসমূহ	संयुक्त राष्ट्र अमेरिका	the United States of America
যুক্তাক্ষর	বি	**युक्ताक्षर**	সংযুক্তবর্ণ, একত্রে লিখিত ও উচ্চারিত একাধিক ব্যঞ্জনবর্ণ	युक्ताक्षर, संयुक्त वर्ण	conjunct letter
যুক্তি	বি	**युक्ति**	১. সংযোগ ২. কারণ ৩. মন্ত্রণা ৪. ন্যায় বিচার	युक्ति, संयोग कारण मंत्रणा विचारपूर्वक निर्णय	joining union, a cause, the reason, consultation, deliberation, argument
যুক্তিদাতা	বিণ/বি	**युक्तिदाता**	পরামর্শদাতা	युक्तिदाता, परामर्शदाता	a counsellor, an adviser
যুক্তিপূর্বক	ক্রি বিণ	**युक्तिपूर्वक**	পরামর্শ করিয়া	परामर्श करके	having planned, with due deliberation
যুক্তিযুক্ত	বিণ	**युक्तियुक्त**	ন্যায়সঙ্গত	युक्ति संगत, न्याय संगत	reasonable, logical
যুক্তিসঙ্গত/ যুক্তিসম্মত/ যুক্তিসহ	বিণ	**युक्तिसंगत/ युक्तिसम्मत/ युक्तिसह**	ন্যায়সঙ্গত, যুক্তিযুক্ত	युक्ति संगत, न्यायसंगत बिलकुल ठीक, न्यायोचित	reasonable, proper
যুগ	বি	**युग**	১. বার বৎসর কাল	युग, बारह वर्ष का समय	a unit of time (12 years)

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			২. সত্য, ত্রেতা, দ্বাপর, কলি	सत्य, त्रेता, द्वापर, कलियुग	the four mythological ages,
			৩. আমল	युग	reign,
			৪. জোয়াল	जुआ (गाड़ी का)	yoke,
			৫. জোড়া	जोड़ा	pair,
			৬. চার হাত পরিমাণ	चार हाथ की नाप	a measurement
যুগধর্ম	বি	**युगधर्म**	১. যুগপ্রচলিত আচার বিচার	युगधर्म, विशिष्ट युग में प्रचलित आचार-व्यवहार	the spirit of the times,
			২. যুগোপযোগী ধর্ম	युगोपयोगी धर्म	the trend of the times,
			৩. নির্দিষ্ট যুগের বৈশিষ্ট্য বা ঝোঁক	युग का वैशिष्ट्य या प्रवृत्ति	special features or characteristics of a time
যুগন্ধর	বিণ	**युगन्धर**	১. যুগ প্রবর্তক	युग प्रवर्तक	the harbinger of a new age,
			২. গাড়ি ইত্যাদির যে কাঠে জোয়াল লাগানো থাকে	बैलगाड़ी का वह लंबा बाँस जिसमें जुआ लगाया जाता है	the pole to which a yoke is fixed,
যুগপৎ	ক্রি বিণ	**युगपत्**	একই সময়ে	युगपत्, एक ही समय में साथ-साथ	simultaneously
যুগল	বি	**युगल**	১. এক জোড়া ২. যুগ্ম	युगल, एक जोड़ा युग्म	a pair, two, a couple,
যুগসন্ধি	বি	**युगसंधि**	যে সময়ে এক যুগের অবসান এবং অন্যযুগের সঞ্চার হয়	युगसंधि, एक युग का अवसान तथा आने वाले दूसरे युग का आरंभ, युग परिवर्तन	a transition of an age, change of an age,
যুগান্ত	বি	**युगान्त**	১. যুগের শেষ ২. প্রলয়	युगांत, युग का अंत प्रलय	the end of an era, deluge,
যুগান্তর	বি	**युगान्तर**	অন্যযুগ	युगांतर, दूसरा युग	another age or era or period

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
যুদ্ধবিশারদ	বিণ	**युद्धवि-शारद**	রণ নিপুণ	युद्ध विशारद, युदध प्रवीण युद्ध करने में निपुण या पटु	skilled in warfare, (in military sense)
যুদ্ধযাত্রা	বি	**युद्धयात्रा**	সংগ্রামার্থ অভিযান	युद्ध यात्रा, संग्राम के लिए अभियान	military expedition
যুদ্ধার্থী	বিণ	**युद्धार्थी**	রণপ্রার্থী, যুদ্ধ করিতে প্রস্তুত	रणवीर या युद्धप्रिय, युद्ध करने के लिए तैयार	militant, desirous of fighting
যুদ্ধোত্তর	বিণ	**युद्धोत्तर**	যুদ্ধের পরবর্তী কালের	युद्ध के बाद के समय का	post war
যুধিষ্ঠির	বি	**युधिष्ठिर**	জ্যেষ্ঠ পাণ্ডব	युधिष्ठिर, कुंती से उत्पन्न	Yudhistir
	বিণ		যুদ্ধকালে স্থির রাখিতে পারে বা ঘাবড়ায় না	पांडु का ज्येष्ठ पुत्र युद्ध में स्थिर रहने वाला	capable of retaining mental calm during war
যুনানী	বিণ	**युनानी**	১. গ্রীক দেশীয় ২. যাবনিক	यूनानी, ग्रीक देश का यूनान देशीय	Greek
যুব	বি	**युव**	সমাসের পূর্বপদরূপে যুবা শব্দের রূপ	युव, समास का पूर्वपद के रूप में युवा शब्द का रूप	a prefix meaning 'youth'
যুবক/যুবা	বি/বিণ	**युवक/युवा**	১. প্রাপ্ত যৌবন	युवक, युवा, जवान	a youth,
			২. তরুণ	तरुण	a young man,
যুবতী	বি/বিণ	**युवती**	প্রাপ্ত যৌবনা	युवती, जवान स्त्री, तरुणी	a young woman, youth (fem)
যুবরাজ	বি	**युवराज**	১. রাজ্যের ভাবী উত্তরাধিকারী রাজপুত্র ২. রাজপুত্র	युवराज, राज्य का भावी उत्तराधिकारी राजपुत्र	a crown prince
যুযুৎসা	বি	**युयत्सा**	যুদ্ধের ইচ্ছা	युयुत्सा, युद्ध की इच्छा	desire for fighting, bellicosity
যুযুৎসু	বিণ	**युयुत्सु**	যুদ্ধ করিতে ইচ্ছুক	युयुत्सु, युद्ध का इच्छुक	desirous of fighting

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			বিস্ময় বা বিরক্তি বা সংশয় প্রকাশে, আধিক্য প্রকাশে, স্বীকার করণে (যে আজ্ঞে), অভিপ্রেত ঘটনা জনিত প্রশ্নে	বিस्मय नाराजगी प्रकट करने, अधिकता व्यक्त करने, स्वीकार करने वाला शब्द (जो आज्ञा)	annoyance, word showing excess reproof or surprise
	সর্ব		কোন নির্দিষ্ট ব্যক্তি বস্তু বা বিষয়	जो, जिस	(correlative) he, she
	বিণ		যাহার কথা বলা হইতেছে	जो, जिस	that, which
যেই	ক্রি বিণ	**যেই**	যেমনি, যে মুহূর্তে, যৎকালে	ज्योंही या जैसे ही, जिस समय (में)	just when, as soon as, by which time
যে-কে-সেই	ক্রি বিণ	**যে-কে-সেই**	পূর্ববৎ, যেমন ছিল তেমনই	पहले की तरह, जैसा था वैसे ही	the same, as before
যেখানে	ক্রি বিণ	**যেখানে**	১. যে স্থানে ২. যে অবস্থায়	जिस स्थान में जिस अवस्था में	where wherever
যেখানে-সেখানে	ক্রি বিণ	**যেখানে-সেখানে**	১. যত্রতত্র ২. স্থানের বাছবিচার না করিয়া	जहाँ तहाँ जहां कहीं	every where anywhere
			৩. সর্বত্র	सर्वत्र	anywhere and everywhere
			৪. ইতস্ততঃ	यहाँ वहाँ	here and there
যেথাসেথা	ক্রি বিণ	**যেথাসেথা**	যেখানে সেখানে	जहाँ तहाँ	anywhere and every where, of which particular place

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
যেন	ক্রি বিণ	**येन**	১. উপমায়	जैसे	as like,
			২. কল্পনায়	कल्पना (में)मानो	as if,
			৩. কামনা প্রকাশে	कामना प्रकट करने मे	in expressing, an opinion
			৪. সতর্কীকরণে	सावधान करने में	in forewarning some one to be careful
			৫. স্বীকার করণে	समझौते में	in compromising
যেন তেন-প্রকারে	ক্রি বিণ	**येन तेन-प्रकारे**	১. যে কোন উপায়ে	जिस किसी भी उपाय से, येन केन प्रकारेण	any how, by hook or by crook,
			২. অসুষ্ঠভাবে	जिस किसी तरह से	by all means,
যেমন	বিণ	**येमन**	১. যে রূপ	जैसा	like
			২. যথা, উদাহরণ স্বরূপ	जिस तरह जैसे उदाहरणस्वरूप	for instance, for example,
	ক্রি বিণ		যেইমাত্র	जैसे ही	as soon as
	উ		বিস্ময়সূচক (তুমিও যেমন)	विस्मय सूचक (तुम भी)	int. (expressing) mild surprise
যেমনই	ক্রি বিণ	**येमनइ**	যে প্রকারই	जिस प्रकार भी, जैसे भी	of whatever kind
যেমন তেমন	বিণ	**येमन-तेमन**	১. যে কোন রকম	जिस किसी तरह	of any sort or kind
			২. সামান্য	मामूली	ordinary
যেমনি	ক্রি বিণ	**येमनि**	১. যেমন	जैसे ही	as soon as
			২. যেইমাত্র	जैसे ही	just as
যেহেতু	যো	**येहेतु**	কারণ নির্দেশক	जिस कारण से	because, since
যোক্তা	বিণ	**योक्ता**	যোজনকর্তা, যোগকারী	जोड़नेवाला, मिलानेवाला	connector, mediator
যোগ	বি	**योग**	১. মিলন	मिलन, योग	union, blending
			২. সম্বন্ধ	संबंध	connection
			৩. ধ্যান	ध्यान	meditation

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			৪. সহযোগিতা	सहयोगिता	co-operation
			৫. সৌভাগ্য	सौभाग्य	good luck
			৬. উপায়	उपाय	means
			৭. মারফত	मार्फत, द्वारा	through
			৮. সাধারণ পন্থা	साधना मार्ग	path of spiritual attainment
			৯. সময়	समय	time
			১০. তিথি নক্ষত্রের মিলন বিশেষ	तिथि-नक्षत्र का मिलन	astrological meeting of stars
			১১. শুভকাল	शुभ समय	auspicious time
			১২. প্রয়োগ	प्रयोग	use
			১৩. সঙ্কলন	संकलन	collection
যোগক্ষেম	বি	**योगक्षेम**	অলব্ধ বস্তুর লাভ ও লব্ধ বস্তুর রক্ষণ	जो वस्तु अपने पास न हो उसे प्राप्त करना और प्राप्त वस्तु की रक्षा करना	attainment or acquisition of unattained thing and preservation of what is attained
যোগদান	বি	**योगदान**	১. সংস্রব স্থাপন ২. সহযোগ	योगदान, संपर्क स्थापना सहयोग	association, siding alliance, participation,
যোগনিদ্রা	বি	**योगनिद्रा**	১. প্রলয় কালে বিষ্ণুর আংশিক নিদ্রিতভাব এবং আংশিক যোগাবস্থা ২. যোগরূপ নিদ্রা ৩. ভগবতী দুর্গা	योगनिद्रा, युग के अंत में प्रलय काल की विष्णु की निद्रा और अद्‌र्ध समाधि भगवती दुर्गा	self absorbing trance of a divine person, goddess Durga
যোগপট্ট	বি	**योगपट्ट**	যোগীদের বলয়াকারে পৃষ্ঠজানুবন্ধনার্থ বস্ত্র	योगियों का विशेष पहनने का कपड़ा जो पीठ से घुटनों तक पहना जाता है	the lioncloth or the ochre coloured robe of a Yogi
যোগফল	বি	**योगफल**	সঙ্কলনের ফলে প্রাপ্ত রাশি	योगफल, जोड़ने से प्राप्त फल	result of addition, sum, summation

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
যোগবল	বি	**योगवल**	যোগলব্ধ ক্ষমতা, যোগের প্রভাব	योगबल, योग से प्राप्त होने वाली क्षमता या शक्ति, योग का प्रभाव	power attained through Yoga
যোগভঙ্গ	বি	**योगभंग**	ধ্যানাবসান	योगभंग, योग साधना से विच्छेद, ध्यान भंग	break or interruption of yogic meditation
যোগভ্রষ্ট	বিণ	**योगभ्रष्ट**	১. যোগমার্গ হইতে বিচ্যুত ২. সিদ্ধিলাভের পূর্বেই তপস্যা ত্যাগ করিয়াছে এমন	योगभ्रष्ट, योगमार्ग से च्युत सिद्धि प्राप्ति से पहले ही जिसने तपस्या त्याग दी हो	interrupted or failed in yogic practice or meditation
যোগমায়া	বি	**योगमाया**	১. দুর্গা ২. মহামায়া ৩. আদ্যাশক্তি ৪. ভগবানের লীলা বিস্তারিণী শক্তি	दुर्गा, महामाया आद्याशक्ति भगवान की लीला विस्तारिणी शक्ति	Goddess Durga illusory energy of God the original power all pervading power of God
যোগমার্গ	বি	**योगमार्ग**	যোগসাধনার পথ, যোগ সাধনরূপ পথ	योगमार्ग, योगसाधना का पथ योग साधन रूप मार्ग	the yogic path of spiritual attainment or salvation
যোগরূঢ়	বিণ	**योगरूढ़**	যৌগিক কিন্তু রূঢ় অর্থাৎ বিশেষ অর্থসূচক	योगरूढ़, दो शब्दों के योग से बना हुआ वह शब्द जिसका अर्थ उसके घटकों के अर्थ से भिन्न हो	a compound word whose meaning is different from the individual meaning of its two constituent words
যোগশাস্ত্র	বি	**योगशास्त्र**	যোগ সাধনা বিষয়ক শাস্ত্র বা গ্রন্থ	योगशास्त्र, पंतजलि ऋषि कृत साधना विषयक ग्रंथ	the yogic scriptures, name of a book on yoga
যোগসাজস	বি	**योगसाजस**	১. কুকর্মে সহযোগিতা	कुकर्म में सहयोगिता	undesirable or unfair or criminal

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			২. ষড়যন্ত্র	षड्यंत्र	collaboration a compiracy
যোগসাধন/ যোগসাধনা	বি	**योगसाधन/ योगसाधना**	যোগ নিয়ম ও প্রাণায়ামাদি অভ্যাস	योगसाधन, यम-नियम-प्राणायाम आदि का अभ्यास	yogic practice unification
যোগসিদ্ধি	বি	**योगसिद्धि**	যোগ সাধনায় সাফল্য	योग सिद्धि, योगसाधना से प्राप्त होने वाली सफलता	success in yogic practice
যোগাড়	বি	**योगाड़**	১. সংগ্রহ	संग्रह	procurement, collection,
			২. আয়োজন	आयोजन	arrangement, preparation
যোগাড়যন্ত্র	বি	**योगाड़यन्त्र**	উপকরণ সংগ্রহ ও সাধনোপায় নির্ধারণ	कार्यसंपादन की व्यवस्था और उपकरणादि जुटाना	preparations including procurement of necessary things
যোগাড়ে/ যোগাড়িয়া	বিণ	**योगाड़े/ योगाड़िया**	১. যোগাড় করিতে পটু, সংগ্রহ কুশল	सामग्री की व्यवस्था करने में पटु, संग्रह करने में कुशल	one adept in procurement, or in getting things
			২. সাহায্যকারী	सहायक	helper
যোগান	বি	**योगान**	সরবরাহ	प्रबंध, व्यवस्था	supply, purveyance, assistance,
যোগানদার/ যোগানিয়া	বি বিণ	**योगानदार/ योगानिया**	সরবরাহকারী	प्रबंधक या व्यवस्थापक	supplier, a purveyor, an assistant,
যোগানে	বি.বিণ	**योगाने**	সরবরাহ করে এমন	जो प्रबंध करता है, प्रवंधक	one who supplies
যোগানো	ক্রি বিণ	**योगानो**	সরবরাহ করা, যোগাড় করে এমন লোক	प्रबंध करना जुगाड़ करनेवाला	to supply, to provide well versed in making supplies

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
যোগাযোগ	বি	**योगायोग**	১. মিলন	মিলন, संपर्क	conncetion, contact
			২. সংস্রব, যোগ	संबंध	association
			৩. ঐক্য, সামঞ্জস্য	ऐक्य, सामंजस्य	unity
			৪. খবরের লেনদেন	समाचार का आदान-प्रदान	exchange of news
			৫. দেখাশুনা	देखभाल	care
			৬. সহযোগিতা	सहयोगिता	co-operation
যোগাসন	বি	**योगासन**	১. যোগসাধনায় বসিবার প্রণালী	योगासन, योगसाधना में बैठने का ढंग या मुद्राएँ	posture of sitting on a seat
			২. যোগসাধনার্থ উপবেশন	योगसाधनार्थ बैठना	for yogic meditation
যোগাসীন	বিণ	**योगासीन**	যোগসাধনায় উপবিষ্ট, যোগরত	योगासीन, जो योगसाधना में आसन लगाकर बैठा हो, योग में तल्लीन या रत	seated in yogic meditation
যোগিয়া	বিণ	**योगिया**	যোগিসম্বন্ধী, যোগীর মত	योग संबंधी, योग की साधना करने वाले के समान	like an ascetic or a yogi
	বি		রাগিণী বিশেষ	राग जोगिया	a melody in Hindustani music
যোগিনী	বি	**योगिनी**	১. দুর্গার চৌষট্টী সখী	योगिनी, दुर्गा की चौसठ सखियाँ	(fem.) any one of the 64 female attendants of goddess Durga,
			২. তপস্বিনী	तपस्विनी	an ascetic (fem.),
			৩. তিথি বিশেষ	तिथि विशेष	a particular lunar day
যোগী	বি	**योगी**	যোগসাধক, তপস্বী	योगी, योगसाधक, तपस्वी	a yogi, an ascetic
যোগীন্দ্র	বি	**योगीन्द्र**	১. যোগিশ্রেষ্ঠ	योगींद्र, योगियों में श्रेष्ठ	the greastest yogi,
			২. শিব	शिव	Lord Shiva
			৩. যাজ্ঞবল্ক	याज्ञवल्क्य ऋषि	saga Yagyavalkya
যোগেশ/	বি	**योगेश/**	১. শিব	शिव, योगेश्वर	Lord Shiva

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
যোগেশ্বর		**योगेश्वर**	২. যোগি শ্রেষ্ঠ	বহুত বড়া যোগী	a great yogi
যোগ্য	বিণ	**योग्य**	১. উপযুক্ত	योग्य, उपयुक्त	worthy
			২. সমর্থ	समर्थ	fit
			৩. উচিত	उचित	deserving
যোগ্যতা	বি	**योग्यता**	১. কর্মদক্ষতা, সামর্থ্য	योग्यता, कार्य करने की दक्षता सामर्थ्य	worthiness
			২. উপযুক্ততা	उपयुक्तता	fitness, worth
			৩. ঔচিত্য	औचित्य	merit
যোজক	বিণ	**योजक**	যোগ কারক	योजक, जोड़नेवाला, संयोजक	connector, co-ordinator,
	বি		দুই বৃহৎ স্থলভাগের মধ্যে সংযোগস্থাপক সংকীর্ণ স্থলভাগ	दो बड़े स्थल भागों के मध्य का भूमिभाग, भूडमरूमध्य	joining, linking, uniting an isthmus
যোজন	বি	**योजन**	১. একত্র করণ	योजन	joining or linking
			২. চার ক্রোশ	चार कोस	a distance of eight miles,
			৩. নিয়োজন	नियोजन	employing
			৪. সংঘটন	संघटन	arranging
যোজনা	বি	**योजना**	১. একত্র করণ	योजना, एकत्र करना	joining, linking unifying
			২. নিয়োজন	अभियोजन	employing
			৩. সংঘটন	संघटन	structuring
			৪. কর্মদ্যোগ ও তাহার পরিকল্পনা	नियोजन	planning
যোট	বি	**योट**	১. দল	दल	assemblage, a group
			২. মেলা-মেশা	मेल जोल	union
			৩. সঙ্গী, সহচর	साथी, सहचर	companion, friend

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			৪. জোড়া	জোড়া	pair
	ক্রি		১. মিলিত হওয়া	মিলনা, জুড়না, জুটনা	to meet, to be associated
			২. মিলা	মিলনা	to assemble
যোটক	বি	**যোটক**	মিলন	মিলন	union, combination, compatibility for matrimonial purposes
যোটা	বি	**যোটা**	যোগাড়যন্ত্র	আয়োজন	preparation or procuring, necessary things
যোটপাট	ক্রি	**যোটপাট**	১. সংগ্রহ হওয়া	সংগ্रह होना	to collect, to unite to assemble
			২. একত্র হওয়া	एकत्रित होना	to gather
			৩. উপস্থিত হওয়া	उपस्थित होना	to be present
	বিণ		সংগৃহীত , একত্রিত	संगृहीत, एकत्रित	collected, assembled
যোটানো	ক্রি	**যোটানো**	১. একত্রিত করানো	जुटाना, इकट्ठा करवाना या करना	to cause to collect, to unite
			২. সংগ্রহ করা	संग्रह करवाना	to cause to assemble
			৩. উপস্থিত করানো	उपस्थित कराना	to make some body appear
যোদ্ধা	বি	**যোদ্‌ধা**	যুদ্ধকারী, সৈনিক	योद्‌धा, युद्‌ध करने वाला, सैनिक	a warrior, fighter
যোনি	বি	**যোনি**	১. স্ত্রী-জননেন্দ্রিয়	योनि, स्त्रियों की जननेंद्रिय	the female genital passage, the vagina
			২. জন্ম	जन्म	birth
			৩. জাতি	जाति	caste
যোয়ান	বি	**যোয়ান**	মসলা বিশেষ	अजवाइन	caraway, carum

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
যোয়াল	বি	**योयाल**	লাঙ্গলের সঙ্গে পশু জুতিবার কাষ্ঠখন্ড বিশেষ, যুগন্ধর	हल जोतने का जुआ	yoke
যোষা/ যোষিৎ	বি	**योषा/ योषित्**	নারী	नारी	a woman (dignified)
যৌক্তিক	বিণ	**यौक्तिक**	১. যুক্তিসিদ্ধ ২. প্রামাণিক	युक्तिसंगत प्रामाणिक	reasonable logical
যৌগিক	বি	**यौगिक**	১. একাধিক মৌল উপাদান সংগ্রহে গঠিত	यौगिक, एक से अधिक मौलिक वस्तुओं के मेल से बनी वस्तु	compound, derivative
			২. যোগ সম্বন্ধীয়	योग से संबंधित	Yogic
			৩. একাধিক উপাদানের সংযোগে গঠিত	एकाधिक उपादानों के योग से गठित	assortment
	বিণ		৪. জটিল, মিশ্র সংখ্যা	जटिल, संयुक्त	complicated, compound
যৌগিক ক্রিয়া	বি	**यौगिक-क्रिया**	এক ক্রিয়াপদের সহিত অন্য ক্রিয়াপদের যোগে গঠিত ক্রিয়া (যেমন জাগিয়া থাকা, কাটিয়া ফেলা)	यौगिक क्रिया, एक क्रिया पद के साथ अन्य क्रियापद के योग से गठित क्रिया (जैसे जागते रहना, काट देना)	a verb phrase made of two verbs in which first verb is a main verb and the second gives idiomatic shade
যৌগিকবাক্য	বি	**यौगिक-वाक्य**	সংযোজক দ্বারা যোজিত দুই বা ততোধিক সরল বাক্য	संयुक्त वाक्य, दो या दो से अधिक सरल व स्वतंत्र उपवाक्यों से बना वाक्य	a compound sentence made of two or more simple sentences
যৌতুক	বি	**यौतुक**	১. বিবাহ ইত্যাদি কালে পাত্রপাত্রীকে দেয় অর্থ বা উপহার	विवाह के समय मिला हुआ धन या दहेज	a dowry, a portion, a present at the time of wedding
			২. অন্নপ্রাশনাদির সময় প্রদত্ত অর্থ বা উপহার	अन्न-प्राशन के समय दिया गया धन व उपहार	a present at the ceremony of food to anew born baby

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
যৌথ	বিণ	यौथ	যুক্ত, মিলিত	युक्त, मिला हुआ	united, combined joint
যৌন	বিণ	यौन	১. স্ত্রী-পুরুষের মিলন সম্বন্ধীয়	यौन	sexual
			২. যোনি সম্বন্ধীয়	योनि से संबंधित	vaginal
			৩. যোনিজাত	योनिजात	veneral
যৌবন	বি	यौवन	যুবাবস্থা, তারুণ্য	यौवन, युवावस्था, तरुणाई, जवानी	youth, youthfulness
যৌবনলক্ষণ	বি	यौवन-लक्षण	যৌবনজনিত শারীরিক পরিবর্তন	यौवन लक्षण, युवा अवस्था में शारीरिक परिवर्तन	marks on body indicating attainment of youth
যৌবনশ্রী	বি	यौवनश्री	যৌবনের সুষমা	यौवनश्री, यौवन का सौंदर्य	physical grace acquired on attainment of youth
যৌবনসুলভ	বিণ	यौवन-सुलभ	যৌবনকালের পক্ষে স্বাভাবিক (আচরণ)	युवावस्था का स्वाभाविक (आचरण)	typical of a youth, usual for a youth
রই/রৈ	বি	रइ/रै	পুষ্করিণীর তলদেশে গভীর খাত	तालाब के नीचे गहरा गड्ढा	a deep ditch in the middle of a pond,
	ক্রি		থাকা, রওয়া	रहना	to remain, to stay
রইকাঠ	বি	रइकाठ	পুষ্করিণীর উৎসর্গের সময়ে তাহার মধ্যস্থলে প্রোথিত বিল্বকাষ্ঠ	तालाब के उद्घाटन के अवसर पर उसके बीच में गाड़ा गया बेल का डंडा	the sacred wood planted in the bottom of a pond at the time of its dedication
রই রই	বি	रइ रइ	চিৎকার, হল্লা	शोरगुल, हल्लागुल्ला	shouting, hubbub
রওয়ানা/ রওনা	বি	रओयाना/ रओना	১. যাত্রা	यात्रा	starting,
			২. প্রেরণ	प्रस्थान	sending, departing,

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
	বিণ		যাত্রার জন্য নিষ্ক্রান্ত	यात्रा पर जो निकला हुआ	one who has set out on a journey
রং/রঙ	বি	रं/रङ	১. বর্ণ	वर्ण, रंग	colour
			২. রঞ্জকদ্রব্য	रंगने का मसाला या बुकनीदार चीज	paint
			৩. দেহের বর্ণ	शरीर का वर्ण	complexion,
			৪. তাসের রুইতন, হরতন প্রভৃতি চিহ্নভেদ	ताश का चिह्न भेद	distinction of colour of play cards,
			৫. যে চিহ্নের তাসকে যে বারে প্রাধান্য দেওয়া হয়	जिस चिह्न के ताश को उसके मेल में प्रमुखता मिलती है	the main type of card in a particular play,
			৬. আতিশয্য	आधिक्य	exaggeration,
রং চঙা/ রং চঙে	বিণ	रं चङा/ रं चङे	বিবিধ বর্ণের	रंगबिरंगा, अनेक प्रकार के रंगों का	of a variety of colours, colourful,
রং ঢং/ রং ঢঙ্	বিণ	रं ढं/ रं ढङ्	১. হাস্য পরিহাস	हंसी-मजाक	fun, joke
			২. অভিনেত্রী সুলভ হাবভাব	नाज नखरे	pranks
রং তামাসা	বি	रं तामासा	হাস্য পরিহাস হাস্য কৌতুক	हंसी-मजाक	fun and frolic,
রং মশাল	বিণ	रं मशाल	আতশবাজি বিশেষ	एक प्रकार की आतिशबाजी	a kind of firework
রং রুট	বি	रं रूट	সামরিক পুলিশ প্রভৃতি বিভাগে শিক্ষানবীশ নিয়োগ	रंगरूट, पुलिस सेना आदि में भर्ती हुआ नया सिपाही, नौ-सिखिया	a recruit, a novice
রক	বি	रक	রোয়াকের কথ্য রূপ	घर के सामने का खुला बरामदा चबूतरा	raised terrace of a house
রকবাজ	বিণ	रकवाज	রোয়াকে বসিয়া আড্ডা দিয়া বৃথা সময় নষ্ট করে	जो बरामदे में बैठकर गपबाजी में व्यर्थ समय नष्ट करता है	a loafer, one who spends his time by

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			এমন		gossiping on a raised terrace of a house
রকবাজী	বি	**রকবাজী**	ঐরূপ আড্ডা বা আড্ডা দেওয়ার অভ্যাস	এক তরহ की गप्प मारने की आदत	habit of loafing on a varandah of a house
রকম	বি	**रकम**	১. প্রকার ২. ধরণ	प्रकार भेद	variety kind
	ক্রি বিণ		প্রায়	प्रायः, तरह	frequently approximately
রকমফের	বি	**रकमफेर**	(একই বস্তুর) ভিন্ন রকম	(एक ही वस्तु का) भिन्न प्रकार	different shapes of the same thing,
রকম রকম	বিণ	**रकम-रकम**	নানা, রকমারি	नाना प्रकार का, तरह तरह का	varied, various, assorted
রকম সকম	বি	**रकम सकम**	ভাবভঙ্গি, চালচলন	तौर-तरीका, चाल-चलन	characteristics, ways, movements,
রকমারি/ রকমওয়ারি	বিণ	**रकमारि/ रकमओयारि**	নানা প্রকার	नाना प्रकार	varied, assorted
রক্ত	বি বিণ	**रक्त**	শোণিত, রুধির ১. শোণিতবৎ লালবর্ণের ২. রঞ্জিত ৩. ক্রোধজনিত রক্তিম ৪. আসক্ত	रक्त, खून, रुधिर खून के रंग का, लाल वर्ण रंजित क्रोध से लाल आसक्त	blood, blood red, dyed in red, red with anger, infatuated,
রক্তকমল	বি	**रक्तकमल**	লালপদ্ম, কোকনদ	रक्त कमल, लाल कमल, कोकनद	the red lotus,
রক্তকরবী	বি	**रक्तकरवी**	লালবর্ণ করবী ফুল	रक्त करवी, लाल कनेर	a red oleander
রক্তক্ষয়ী	বিণ	**रक्तक्षयी**	বহুলোকের রক্তপাত	जो बहुत लोगों का खून	causing bloodshed,

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			অর্থাৎ বিনাশ ঘটায় এমন	खराबा या विनाश करता है	
রক্তগঙ্গা/ রক্তনদী	বি	রক্তগংগা/ রক্তনদী	প্রচুর রক্তপাত, খুনাখুনি	खून की नदी	a river of blood caused by a heavy haemorrhage, a great massacre
রক্তচক্ষু	বি	রক্তচক্ষু	ক্রোধবশত আরক্ত চক্ষু, রোষ দৃষ্টি	रक्तचक्षु, क्रोध के कारण लाल आंखें,	bloodshot eyes
	বিণ		রক্তবর্ণ চক্ষুবিশিষ্ট	लाल नेत्रवाला, कुपित दृष्टि	one having bloodshot eyes
রক্তচন্দন	বি	রক্তচংদন	লালবর্ণ চন্দন কাঠ	रक्त चंदन, लाल रंग की चंदन की लकड़ी	the red sandal wood
রক্তদুষ্টি/ রক্তদোষ	বি	রক্তদুষ্টি রক্তদোষ	রক্ত বিকৃতিরূপ ব্যাধি বিশেষ	रक्त दोष, शरीर के खून का विकार, रक्त दोष	blood poisoning pyaemia,
রক্তনেত্র	বি বিণ	রক্তনেত্র	রক্তচক্ষু	रक्त चक्षु, लाल आंखे	bloodshot eyes
রক্তপায়ী	বিণ	রক্তপায়ী	রক্তপানকারী	रक्त पायी, खून पीने वाला	blood sucking,
রক্তপিত্ত	বি	রক্তপিত্ত	পিত্তবিকারের ফলে দূষিত রক্তের আধিক্য বা রক্তবমন জনিত রোগ	पित्त के विकार से मुँह, नाक, कान, गुदा आदि से खून निकलने की बीमारी	haemorrhage from different cavities of body due to disease of liver,
রক্তপিপাসু	বিণ	রক্তপিপাসু	রক্ত পিপাসু যুক্ত	रक्त पिपासु, खून का प्यासा	bloodthirsty,
রক্তবীজ	বি	রক্তবীজ	১. অসুর বিশেষ যাহার এক বিন্দু রক্ত ভূমিতে পড়িলে আরও একটি ঐরূপ অসুর জন্মিত	रक्तबीज, एक राक्षस विशेष जिसके धरती पर गिरने वाली रक्त की हर एक बूंद से एक-एक राक्षस उत्पन्न होते हो	(myth.) a demon, each drop of whose blood as soon as it fell to the ground would instantly create a new demon equal in

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
					power to him
			২. দাড়িম্ব বিশেষ	এক প্রকার का अनार	a pomegranate
রক্তমোক্ষণ	বি	**रक्तमोक्षण**	চিকিৎসার্থ রক্ত বহিষ্করণ	खून को बाहर निकालने की क्रिया (उपचारके तौर पर)	blood letting (for medical treatment)
রক্তরাগ	বি	**रक्तराग**	রক্তের ন্যায় লাল আভা বা রঙ	रक्त की तरह का लाल रंग	a crimson glow or colour
রক্তলোচন	বিণ	**रक्तलोचन**	যাহার চোখ লাল	रक्त लोचन, जिसके नेत्र लाल है	one with bloodshot eyes
রক্তশোষণ	বি	**रक्तशोषण**	১. চুষিবার রক্ত পান ২. সর্বস্ব আত্মসাৎ করা	रक्त शोषण सर्वस्व आत्मसात् (करना)	blood sucking extorting
রক্তহীন	বিণ	**रक्तहीन**	১. রক্তশূন্য ২. পান্ডুর ৩. পান্ডু রোগাক্রান্ত	रक्तहीन, रक्तशून्य पीला पीलिया रोग से पीड़ित	anaemic condition, yellow jaundiced
রক্তহীনতা	বি	**रक्तहीनता**	১. রক্তশূন্যতা ২. পান্ডুরতা	रक्तहीनता पीलापन, रक्त शून्यता	anaemia, bloodlessness
রক্তাক্ত	বিণ	**रक्ताक्त**	রক্তলিপ্ত	रक्ताक्त, रक्त से सना हुआ या रंगा हुआ	smeared with blood, goary
রক্তাতিসার	বি	**रक्ता-तिसार**	রক্ত আমাশয় রোগ	रक्तातिसार, वह रोग जिसमें खून के दस्त आते हैं, पेचिस	blood dysentery
রক্তারক্তি	বি	**रक्तारक्ति**	১. রক্তের ছড়াছড়ি ২. পরস্পরের রক্তপাত	खूनखराबा अधिक खून बहने की स्थिति	bloodshed profuse haemorrhage
রক্তিম	বিণ	**रक्तिम**	লালআভাযুক্ত	रक्तिम, लाल रंग वाला	reddish
রক্তিমা	বি	**रक्तिमा**	লালআভা	रक्तिमा, लाल आभा	redness
রক্তোৎপল	বি	**रक्तोत्पल**	লালবর্ণ পদ্ম	रक्तोत्पल, लाल कमल	the red lotus

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
রক্ষ	বি	**रक्ष**	রাক্ষস	राक्षस	one of an anthropophagous race of India,
	ক্রি		রক্ষা কর	रक्षा करो	help
রক্ষক	বিণ	**रक्षक**	১. রক্ষাকর্তা	रक्षक, रक्षा करने वाला	a protector, a defender
			২. তত্ত্বাবধায়ক	देखरेख करने वाला	care taker
			৩. প্রহরী	प्रहरी	a guard
			৪. বিপদে ত্রাণকারী	विपत्ति में रक्षा करने वाला	a saviour, one who defends or protects in a crisis
রক্ষণ	বি	**रक्षण**	রক্ষা করা	रक्षण, रक्षा करना	defending, protecting
	বিণ		রক্ষক	रक्षक	defender, protector
রক্ষণশীল	বি	**रक्षणशील**	১. গোঁড়া	कट्टर पंथी	orthodox
			২. প্রাচীন পন্থী	रूढ़िवादी	conservative
রক্ষণাবেক্ষণ	বি	**रक्षणा-वेक्षण**	সযত্নে রক্ষা	यत्नपूर्वक रक्षा	supervision, custody, maintenance,
রক্ষণীয়	বিণ	**रक्षणीय**	রক্ষণযোগ্য	रक्षणीय, रक्षा किये जाने के योग्य	worth protecting,
রক্ষা	বি	**रक्षा**	১. উদ্ধার	उद्धार	rescue
			২. অব্যাহতি	परित्राण	release
			৩. তত্ত্বাবধান	तत्वावधान	custody
			৪. নষ্ট হইতে না দেওয়া	नष्ट न होने देना	cone
			৫. সংরক্ষণ	संरक्षण	protection
			৬. পালন	पालन	maintenance
			৭. প্রহরা	प्रहरा, पहरा	guarding
	ক্রি		রক্ষা করা	रक्षा करना	to protect, to defend
রক্ষা কবচ	বি	**रक्षा कवच**	বিপদ এড়ানোর জন্য ধারণীয় মন্ত্রপূত কবচ	रक्षाकवच, विपत्ति रोग आदि से रक्षा के लिए तंत्र मंत्र की	an amulet believed to have occult power to

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
				विधि से बनाया गया कवच	safeguard the wearer
রক্ষাকালী	বি	**रक्षाकाली**	দুর্ভিক্ষ, রোগ, মহামারী ইত্যাদি হইতে রক্ষা পাওয়ার জন্য যে কালীর পূজা করা হয়	काली, दुर्भिक्ष महामारी इत्यादि रोग से परित्राण पाने के लिए जिस काली मूर्ति की पूजा होती है	a manifestation of goddess Kali to protect from famine and disease
রক্ষামন্ত্র	বি	**रक्षामंत्र**	১. যে মন্ত্রজপ করিলে বিপদ হইতে রক্ষা পাওয়া যায়	अमंगल से बचने के लिए जिस मंत्र का जाप किया जाता है	a mantra which protects one from danger
			২. রক্ষা পাইবার উপায়	रक्षा पाने का उपाय	a device to get protection against misfortune
রক্ষিত	বিণ	**रक्षित**	১. রক্ষা করা হইয়াছে এমন	जिसकी रक्षा की गई हो, संभाल कर रखा हुआ या जमा किया गया हो	trusted, protected, deposited
রক্ষিতা	বি	**रक्षिता**	১. রক্ষা করা হয়েছে যাকে	जिसकी रक्षा की गई हो	(fem.) who is protected
			২. উপপত্নী	रखैल	a concubine a mistress
রক্ষী	বি বিণ	**रक्षी**	১. রক্ষক, প্রহরী	रक्षक, प्रहरी	a protector, a defender,
রগ	বি	**रग**	ললাটের পার্শ্বদেশ	कनपटी	temple
রগচটা	বিণ	**रगचटा**	যে একটুতেই রাগিয়া উঠে এমন কোপন স্বভাব	थोड़ी सी बात में क्रोधित होने वाला, तुनक मिजाज, गुसैल या कोधी स्वभाव का	quick tempered, ill tempered
রগড়	বি	**रगड़**	১. মজা, তামাশা	हंसी-मज़ाक	fun, practical joke,
			২. মর্দন	मर्दन	rubbing,
			৩. ঘর্ষণ	घर्षण	massage,

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			৪. পেষণ	পিসাই	grinding
রগড়ানো	ক্রি	রগড়ানো	১. মর্দন করা	মলনা	to rub
			২. ঘর্ষণ করা	ঘিসনা	to massage
			৩. পেষণ করা	পীসনা	to grind
	বিণ		মর্দিত, ঘর্ষিত, পেষিত	মর্দিত, ঘর্ষিত, পিসা হুআ	rubbed, massaged ground
রগড়া রগড়ি	বি	রগড়ারগড়ি	১. ঘষাঘষি	সংঘর্ষ	mutual rubbing,
			২. ঝগড়া	ঝগড়া	altercation,
			৩. এক বিষয়ের অত্যন্ত বেশি আলোচনা	এক বিষয় को लेकर लगातार बहस-मुबाहसा	protracted arguments,
			৪. তর্কাতর্কি	মোল ভাব	higgling,
রগড়ে/ রগুড়ে	বিণ	রগড়ে/ রগুড়ে	১. রঙ্গপ্রিয়	মজাকিয়া	given to making fun or cutting jokes
			২. কৌতুকপূর্ণ	হংসোড়	humorous,
			৩. কৌতুককারী	বিনোদী	of cheerful temperament
রগরগ	বি	রগরগ	উজ্জ্বলতা বা বর্ণের উগ্রতা প্রকাশক	ভড়কীলে, রংগ की चटक	glow of flashy colour
রগরগে	বিণ	রগরগে	টকটকে	চটকীলা	flashy
রঙফলানো	ক্রি	রংফলানো	অতিরঞ্জিত করা	অতি রংজিত করনা	to exaggerate
রঙ্গ	বি	রংগ	১. রং, রঞ্জক দ্রব্য	রংগ, রংগ की सामग्री	colour, paint
			২. ভঙ্গি	ভংগিমা	gesture
			৩. রঙ্গভূমি	রংগমংচ	stage for drama
			৪. আমোদ, পরিহাস, রগড়, কৌতুক, লীলা, নৃত্যগীতাদিময়	আমোদ, বিনোদ মজাক, টাংগ খিংচাই, লীলা, संगीत-नृत्य आदि	fun, joke, leg pulling, fantasy, song, dance and drama
			৫. ক্রীড়া প্রতিযোগিতা, নাট্যশালা	রংগ ঘর	auditorium or stage of drama

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			৬. রণভূমি	রণভূমি	battlefield
			৭. রাং, ধাতু বা দস্তা	জস্তা	lead
রঙ্গদার	বিণ	**রংগদার**	মজাদার	মজেদার	humourous, jolly, jocular,
রঙ্গন	বি	**রংগন**	১. চিত্রকরণ	চিত্रकरण	colouring
			২. ফুল বিশেষ	एक फूल का ताम	a flower,
রঙ্গপ্রিয়	বিণ	**রংগপ্রিয**	কৌতুক প্রিয়	कौतुकप्रिय, विनोदी	fond of fun, humourous
রঙ্গ ভঙ্গ	বি	**রংগ भंग**	কৌতুক জনক অঙ্গভঙ্গী	कौतुकजनक अंगों की परिचालना या भंगी	funny gestures
রঙ্গভূমি	বি	**রংগभूमि**	১. নাট্যশালা	रंगभूमि, अभिनय मंच	stage
			২. রণস্থল	रणभूमि	battlefield
			৩. তামাশা দেখাইবার স্থান	तमाशा दिखाने का मैदान	playgorund
রঙ্গমঞ্চ	বি	**रंगमंच**	নাট্যশালা	रंगमंच, नाट्यशाला	a stage
রঙ্গমহল/ রংমহল/ রঙ্মহল	বি	**रंगमहल/ रंमहल/ रंग्महल**	১. মুসলমান বাদশাদিগের বিলাসভবন বা অন্তঃপুর	रंगमहल, मुसलमान बादशाहों का हरम, रनिवास	a pleasure house, or harem of a Muslim prince,
			২. আনন্দ নিকেতন	आनंद-भवन	a theatre
রঙ্গরস	বি	**रंगरस**	পরিহাস, কৌতুক	रंगरस, आमोद-प्रमोद, हंसी-मजाक	fun, jokes, humour
রঙ্গশালা	বি	**रंगशाला**	অভিনয় গৃহ	रंगशाला, अभिनय का स्थान	a theatre hall
রঙ্গস্থল	বি	**रंगस्थल**	রঙ্গভূমি	रंगभूमि	a battlefield, an areana, a theatre

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
রঙ্গানো	ক্রি	**रंगानो**	রঞ্জিত করা, ছোপান	रंगना	to colour, to paint,
	বিণ		রঞ্জিত, ছোপান	रंगा हुआ, छापा हुआ	coloured, painted
রঙ্গিন	বিণ	**रंगिन**	১. রঞ্জিত	रंगीन, रंगा हुआ	coloured,
			২. রঙযুক্ত	रंगदार	colourful
			৩. নানা রঙে শোভিত	रंगबिरंगा	multicoloured
রঙ্গিণী	বিণ	**रंगिणी**	১. রঙ্গপ্রিয়া	रंगिनी	jocular (f)
			২. লীলামত্তা	विनोदिनी	frolicsome (f)
			৩. আমোদিনী	प्रमोदिनी	jolly (f)
			৪. লীলাময়ী	लीलामयी	sportive (f)
রঙ্গিলা	বিণ	**रंगिला**	১. রঞ্জিতা	रंजिता	fond of fun,
			২. রসিকা, রঙ্গপ্রিয়া	रसिका, रंगीली	coloured,
রচক	বি	**रचक**	রচনাকারী	रचयिता, लेखक	an author
রচন	বি	**रचन**	রচনা ক্রিয়া	रचना क्रिया	composing, building, making, composition, building, construction
রচনা	বি	**रचना**	১. রচন নির্মাণ	रचना, बनाना	making, composition,
			২. বিন্যাস	विन्यास	arrangement,
			৩. সৃষ্টি	सृष्टि	creation,
			৪. রচিত বস্তু	रचित वस्तु	created thing
			৫. লিখিত প্রবন্ধাদি	लिखित निबंध आदि	written essay
রচনাশৈলী	বি	**रचनाशैली**	প্রবন্ধাদি রচনার বিশিষ্ট ভঙ্গি	रचना शैली या रीति	style
রচয়িতা	বি বিণ	**रचयिता**	রচনাকারী	रचयिता या रचना करने वाला	an author, a writer, a composer
রচয়িত্রী	বিণ	**रचयित्री**	রচনাকারিনী	रचयित्री (स्त्री) रचना करने वाली	(fem.) an author, a writer, a composer

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
রচা	ক্রি	**रचा**	রচনা করা	रचना करना	to compose, to write, to create
	বিণ		রচিত	रचित	composed
রচিত	বিণ	**रचित**	রচনা করা হইয়াছে এমন	रचित, रचा अथवा बनाया हुआ	created, composed, written, created
রজ	বি	**रज**	১. ধূলি	धूल	dust
			২. পরাগ	पराग	pollen
			৩. ঋতুস্রাব	मासिक रक्तस्राव	menstural flow
			৪. প্রকৃতির ত্রিবিধ গুণের মধ্যমটি	प्रकृति के तीन गुण या धर्म में दूसरा या बीच का	second of the three natural qualities
রজোগুণ	বি	**रजोगुण**	প্রকৃতির ত্রিবিধ গুণের বা ধর্মের মধ্যমটি	प्रकृति के तीन गुण में से बीच का	the second of the natural qualities of creatures characterised by activeness and spiritedness
রজক	বি	**रजक**	১. ধোবা	रज, धोबी	a washerman
			২. রঙ কারক	रंगरेज	a dyer
রজকিনী/ রজকী	বি	**रजकिनी/ रजकी**	ধোবানী	धोबिन (स्त्री)	a washerwoman
রজত	বি	**रजत**	রৌপ্য	रजत, चांदी	silver
	বিণ		সাদা	सादा, सफेद	white
রজতকান্তি	বিণ	**रजतकांति**	১. রৌপ্যের ন্যায় শুভ্র বা সুন্দর	चांदी की तरह का सुंदर अत्यंत सुंदर	silver white
			২. সাদা	सफेद	white
	বি		রৌপ্যের ন্যায় সৌন্দর্য,	चांदी की शुभ्रता	whiteness of silver

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			অতিশয় শুভ্রবর্ণ	অत्यंत सफेद रंग	
রজতগিরি	বি	**रजतगिरि**	কৈলাস পর্বত	रजतगिरि, कैलास पर्वत	the mountain of Kailash,
রজতজয়ন্তী/ রৌপ্যজয়ন্তী	বি	**रजत-जयन्ती/ रौप्य-जयन्ती**	পঁচিশ বৎসর পূর্ণ হওয়ার উপলক্ষে উৎসব	रजत जयंती, २५ वर्ष पूरे होने पर मनाया जाने वाला उत्सव	silver jubilee
রজন	বি	**रजन**	চিরগাছের শুষ্ক নির্যাস	राल, चीड़ के वृक्ष से निकलने वाला सूखा गोंद	resin, gambage
রজনী	বি	**रजनी**	রাত্রি	रात्रि, रात	night
রজনীকান্ত	বি	**रजनीकांत**	চন্দ্র	रजनीकांत, चंद्रमा	the moon
রজনীগন্ধা	বি	**रजनीगंधा**	অতি সুগন্ধি সাদা ফুল বিশেষ	रजनीगंधा, बहुत सुगंधित एक सफेद फूल जो रात को महकता है	the tuber rose
রজস্বলা	বিণ (স্ত্রী)	**रजस्वला**	ঋতুমতী	रजस्वला, ऋतुमती	a woman in menses,
রজোদর্শন	বি	**रजोदर्शन**	প্রথম ঋতুস্রাব	रजोदर्शन, प्रथम ऋतुस्राव	the first appearance of menses
রজ্জু	বি	**रज्जु**	দড়ি	रज्जु, रस्सी	rope, cord, cable
রঞ্জক	বিণ	**रंजक**	১. রঞ্জনকারী ২. প্রীতিকর ৩. অনুরাগ উৎপাদক	रंजक, आनंद दायक प्रीतिकर अनुराग उत्पादक	a dye, a paint pleasing
	বি		রঞ্জক দ্রব্য	रंगने की वस्तु	a colouring substance
রঞ্জন	ক্রি	**रंजन**	১. রং করা ২. প্রীতি উৎপাদন	रंग करना चित्त प्रसन्न करना	to dye, to paint to please
	বিণ		১. প্রীতিজনক	प्रीति जनक	pleasing

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			২. আনন্দদায়ক	আনন্ददायक	delightful
	বি		রং করা কাজ	रंगने का काम	colouring
রঞ্জন রশ্মি	বি	রংজন-রশ্মি	অসাধারণ ভেদনশক্তিযুক্ত আলোক রশ্মি বিশেষ	क्ष-किरण या एक्स-रे	Rontgen rays, x-rays
রঞ্জিনী	বিণ (স্ত্রী)	রংজিনী	প্রীতিদায়িনী	प्रसन्न करने वाली	pleasing
রঞ্জিকা	বিণ (স্ত্রী)	রংজিকা	১. রঞ্জনকারিণী ২. প্রীতিদায়িনী	प्रसन्न करनेवाली, प्रीतिकर आनंद देने वाली	giver of happiness (f)
রঞ্জিত	বিণ	রংজিত	১. রঞ্জন করা হইয়াছে এমন	रंजित, रंगा हुआ	coloured, dyed
			২. রং যুক্ত	रंगवाला	has just dyed
রঞ্জিতা	বিণ	রংজিতা	রঞ্জিত শব্দের স্ত্রীলিঙ্গ	रंजिता, रंजित का स्त्रीलिंग	(fem.) dyed, coloured
রটন/রটনা	বি	রটন/রটনা	১. প্রচার, ঘোষণা ২. কথন ৩. খ্যাতি	प्रचार, घोषणा कथन ख्याति	publicity, propaganda speaking, telling fame
রটা	ক্রি	রটা	১. প্রচারিত হওয়া ২. বলা	प्रचारित होना कहना	to circulate to speak
রটানো	ক্রি	রটানো	১. প্রচার করা ২. (মন্দ অর্থে) রাষ্ট্র করা,	प्रचार करना फैलाना (बुरे अर्थ में)	to spread to circulate
	বিণ		প্রচারিত, ছড়ান	प्रचारित, दुष्प्रचारित	spread, ill propagated
রড (ইং)	বি	রড (अं.)	১. লোহার দণ্ড ২. ডাণ্ডা	लोहे की छड़ डंडा, छड़	iron rod rod
রড়	বি	রড়	ছুট, দৌড়	दौड़	run
রণ	বি	रण	১. যুদ্ধ ২. শব্দ, রব	रण, युद्ध शोर	a fight, a battle, a war noise

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
রণকুশল	বিণ	**रणकुशल**	যুদ্ধ করিতে বা যুদ্ধ বিদ্যায় পারদর্শী	रणकुशल, युद्ध करने में दक्ष	skilled in warfare
রণকৌশল	বি	**रणकौशल**	যুদ্ধবিদ্যা, যুদ্ধ কৌশল	रणकौशल, युद्ध विद्या, युद्ध कौशल	military tactics art of war
রণক্ষেত্র	বি	**रणक्षेत्र**	যুদ্ধক্ষেত্র	रणक्षेत्र, युद्ध क्षेत्र	battle field
রণচণ্ডী	বিণ	**रणचंडी**	রণোন্মত্তা, উগ্রা	रणचंडी, जो युद्ध करने के लिए उतावली हो, उग्र स्त्री	Amozonian, amuck
	বি		১. দানবের সঙ্গে উন্মত্তভাবে সংগ্রামকারিণী চন্ডী	राक्षसों के साथ उन्मत्त हो युद्ध करने वाली चंडी	violent women goddess Chandi, engaged in war with demons
			২. কলহ প্রিয়া	झगड़ालू स्त्री	a quarrelsome woman
রণজয়ী/ রণজিৎ	বিণ	**रणजयी/ रणजित्**	যুদ্ধে জয়লাভ করিয়াছে এমন	रणजयी, जिसने युद्ध में विजय प्राप्त कर ली है	one who has won the war
রণতরি/ রণতরী/ রণপোত	বি	**रणतरि/ रणतरी/ रणपोत**	যে নৌকা বা জাহাজে চড়িয়া যুদ্ধ করা হয়	जिस नौका या जहाज पर चढ़कर युद्ध किया जाता है	warship
রণন	বি	**रणन**	১. শব্দ করা ২. ঝঙ্কার, রণ রণ শব্দ	शब्द करना, झंकार अनुरणन	making sound clanking
রণভঙ্গ	বি	**रणभंग**	পরাজিত হইয়া যুদ্ধক্ষেত্র হইতে পলায়ন	रणभंग, पराजित हो कर युद्ध क्षेत्र से पलायन	retreat, retreat from the battlefield
রণরঙ্গিণী	বিণ	**रणरंगिनी**	১. রণোন্মত্তা ২. যুদ্ধ করিতে ভালবাসে এমন রমণী	रणरंगिनी, रणोन्मत्त जो युद्ध करने के लिए उतावली हो	woman almost mad for taking part in a war/battle
রণসজ্জা/ রণসাজ	বি	**रणसज्जा/ रणसाज**	রণবেশ	रणसज्जा, युद्धवेश	equipage for war's armament

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
রণস্থল/ রণাঙ্গন	বি	**रणस्थल/ रणांगन**	যুদ্ধক্ষেত্র	रणस्थल, युद्धक्षेत्र रणांगन	the battlefield
রণিত	বিণ	**रणित**	১. শব্দিত	शब्दायमान	sounded
			২. ঝঙ্কৃত	झंकृत	resounded
	বি		শব্দ	शब्द	sound
রণ্ড	বিণ	**रण्ड**	১. সন্তান উৎপাদনে অক্ষম	संतान उत्पादन में अक्षम	barren
			২. ফলফুল উৎপাদনে অক্ষম	फलहीन	fruitless
রণ্ডা	বিণ	**रण्डा**	১. বন্ধ্যা	वंध्या	a barren woman
	বি		২. বিধবা, রাঁড়	विधवा, रांड	a widow
	বি		বেশ্যা	वेश्या	a prostitute
রত	বিণ	**रत**	১. নিযুক্ত	रत, नियुक्त	engaged
			২. আসক্ত	आसक्त	attached
	বি		রতি, রমণ	रति, संभोग	copulation
রতন	বি	**रतन**	রত্ন	रतन, रत्न	jewel
রতনচূর	বি	**रतनचूर**	হাতের গহনা বিশেষ	हाथ का एक गहना	an ornament for the wrist
রতি	বি	**रति**	১. মৈথুন	रति, मैथुन	intercourse
			২. কন্দর্প পত্নী	कामदेव की पत्नी रति	the wife and consort of Hindu love god
রতি/রত্তি	বিণ	**रति/रत्ति**	কুঁচের সমান ওজন বিশিষ্ট	घुघची के बराबर का तौल	the smallest measure
	বি		কুঁচের সমান ওজন	घुंघचीभर वजन	of weight in India (1.875 grains)
রতিকান্ত/ রতিপতি	বি	**रतिकान्त/ रतिपति**	কামদেব	रति पति, कामदेव	the Hindu god of love

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
রত্ন	বি	**रत्न**	১. মনিমুক্তাদি ২. শ্রেষ্ঠ বস্তু	রत्नमणि, माणिक्य श्रेष्ठ वस्तु	jewel a precious thing
রত্নখচিত	বিণ	**रत्नखचित**	হীরা মাণিক্য বসান আছে এমন, মনিময়	रत्नखचित, जो हीरा मणि आदि से जड़ा हुआ हो, रत्नजड़ित	studded or inlaid with gem or gems
রত্নগর্ভ	বিণ	**रत्नगर्भ**	যাহার মধ্যে রত্ন আছে এমন	रत्नगर्भ, जिसके गर्भ में रत्न हो	impregnated with gems
	বি		সমুদ্র	समुद्र	the ocean
রত্নগর্ভা	বিণ	**रत्नगर्भा**	সুসন্তানবতী	रत्नगर्भा, सुसंतानवती	(fem.) giving birth to excellent children
	বি		১. গুণবান সন্তানের জননী	गुणी संतान की मां	mother of excellent children
			২. (বিদ্রুপে) কু-সন্তানের জননী	कुसंतान की जननी (व्यंग्य)	mother of wayward (sarcasm)
রত্নগিরি	বি	**रत्नगिरि**	সুমেরু পর্বত	रत्नगिरि, सुमेरु पर्वत	the Sumeru mountains
রত্নদ্বীপ	বি	**रत्नद्वीप**	প্রবাল দ্বীপ	रत्नद्वीप, प्रवाल द्वीप, मूंगा द्वीप	the coral island
রত্নপ্রভা	বি	**रत्नप्रभा**	হীরা মাণিক্যাদির দীপ্তি বা ঔজ্জ্বল্য	रत्नप्रभा, हीरा माणिक्यादि की चमक	lustre of jewels or gems
	বিণ		রত্নের ন্যায় উজ্জ্বলতা বা দীপ্তি শালিনী	रत्न की तरह चमकवाला दीप्तिमयी	lusterous
রত্নপ্রসবিনী/ রত্নপ্রসূ	বিণ	**रत्नप्र-सविनी** **रत्नप्रसू**	১. রত্ন প্রসব করে এমন, রত্ন গর্ভা ২. সুসন্তানবতী	रत्नप्रसू, रत्न उत्पन्न करने वाली, रत्नगर्भा सुपुत्र को जन्म देने वाली	impregnated with gems giving birth to excellent children

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
রত্নবণিক	বি	**रत्नवणिक**	মনিমুক্তার ব্যবসায়ী, মনিকার, জহুরী	हीरे जवाहरात का व्यापारी रत्नों का जौहरी, जौहरी	a dealer in gems a jeweller
রত্নাকর	বি	**रत्नाकर**	১. রত্নের খনি ২. সমুদ্র ৩. বাল্মীকির পূর্ব নাম	रत्नाकर, रत्नों की खान समुद्र वाल्मीकि का पूर्व नाम	a mine of gems an ocean name of Valmiki
রত্নাবলী	বি	**रत्नावली**	১. রত্নহার ২. রত্নশ্রী ৩. শ্রীহর্ষ কর্তৃক সংস্কৃত নাটক	रत्नावली, रत्नों की माला रत्नश्रेणी श्रीहर्ष कृत संस्कृत नाटिका	gems or jewels a jewel necklace a play by Sri Harsh
রত্নাভরণ/ রত্নালঙ্কার	বি	**रत्नभरण/ रत्नालंकार**	জড়োয়া গহনা	रत्नालंकार, रत्नों से जड़ित या जड़ाऊ गहना	a jewel ornament
রথ	বি	**रथ**	১. শকট ২. চক্রযুক্ত প্রাচীন যান ৩. জগন্নাথ দেবের যান	रथ शकट, दो या चार पहियेवाला प्राचीन यान जगन्नाथ का रथ	a chariot a wheeled cart the chariot of Lord Jagannath
রথযাত্রা	বি	**रथयात्रा**	রথচালিত দেবমূর্তির বিশেষতঃ জগন্নাথদেবের রথ ভ্রমণ, উৎসব বিশেষ	रथयात्रा, जगन्नाथ देव की रथयात्रा का उत्सव	the chariot festival the Hindu festival of Jagannath going on a chariot for sea-bath
রথী	বি	**रथी**	১. রথারোহী ব্যক্তি ২. বীরপুরুষ ৩. যে ব্যক্তি রথে চড়িয়া যুদ্ধ করে ৪. যোদ্ধা	रथी वीर पुरुष रथ पर चढ़नेवाला व्यक्ति योद्धा	the man on the chariot a brave man a hero who fights riding a chariot a warrior
রদ	বি ক্রি	**रद**	১. দাঁত ২. খারিজ করা বা	दांत खारिज करना, माफ करना,	tooth to repel, to cancel

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
			রহিত করা	রদ্দ করনা	
	বিণ		৩. খারিজ, রহিত, মকুব	खारिज, रद्द	nullified, revoked
রদ বদল	বি	रद वदल	পরিবর্তন	रद्दो बदल, परिवर्तन, उलटफेर	additions and alterations, change
রদী/রদ্দী	বিণ	रदी/रद्दी	১. খারাপ	रद्दी, खराब	bad, useless
			২. নিকৃষ্ট	निकृष्ट	worthless
			৩. অব্যবহার্য	बेकार, कूड़े के समान	garbage like, junk
রনপা	বি	रनपा	বাঁশ ইত্যাদির দীর্ঘ যুগলদন্ড যাহা দ্রুত গমনে ব্যবহৃত হয়	बांस के बड़े डंडों का एक जोड़ा जो जल्दी चलने में व्यवहृत होता है, परबांसा	a stilt
রন্ধন	বি	रंधन	রান্না, পাকক্রিয়া	पाक क्रिया, रसोई	cooking
রন্ধনগৃহ/ রন্ধনশালা	বি	रंधनगृह/ रंधनशाला	রান্নাঘর	पाकशाला, रसोई घर	kitchen
রন্ধ্র	বি	रंध्र	১. ছিদ্র	रंध्र, छिद्र	a hole
			২. দোষ	दोष	a fault
			৩. কুক্ষি	कुक्षि	a cavity
			৪. রাশিচক্রে লগ্ন হইতে অষ্টম স্থান	राशिचक्र में लग्न से आठवां स्थान	the eighth house in the horoscope
রপ্ত	বিণ	रप्त	অভ্যস্ত	अभ्यस्त	habituated accustomed
রপ্তানি	বি	रप्तानि	বিক্রয়ের জন্য পণ্য দ্রব্য বিদেশে প্রেরণ	बिक्री के लिए माल दूसरे देशों में भेजना, निर्यात	export
রপ্তে রপ্তে	ক্রি বিণ	रप्ते रप्ते	১. অভ্যাস করিতে করিতে ক্রমশঃ	अभ्यास करते करते क्रमशः	slowly
			২. ধীরে ধীরে	रफ्ता-रफ्ता, धीरे धीरे	gradually

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
রফা	বি	**रफा**	১. নিষ্পত্তি ২. বিনাশ	নিপটারা, রফাদফা বিনাশ	an amicable settlement complete annihilation
রফানামা	বি	**रफानामा**	আপস-মীমাংসার শর্তাদি সংবলিত লিপি	आपसी समझौते का दस्तावेज	a deed of compromise
রব	বি	**रव**	১. শব্দ, ধ্বনি ২. গুজব	रव, शब्द, ध्वनि अफवाह, जनरव, उड़ती खबर	a sound, a noise a rumour
রবাব	বি	**रवाव**	সারেঙ্গী জাতীয় বাদ্যযন্ত্র বিশেষ	सारंगी की तरह का वाद्य यंत्र	a stringed musical instrument akin to Sarangi
রবার	বি	**रवार**	বৃক্ষ বিশেষের নির্যাস হইতে প্রস্তুত স্থিতিস্থাপক দ্রব্য	वृक्ष विशेष के पकाए रस से बनाया जाने वाला एक लचीला पदार्थ, रबड़	rubber
রবাহুত	বিণ	**रवाहुत**	রব শুনিয়া আগত, অনিমন্ত্রিত আগন্তুক	शोर सुनकर आना अनाहूत आगंतुक	one who has come uninvited to a feast on hearing the report of it
রবি	বি	**रवि**	সূর্য, দিবাকর, ভাস্কর	रवि, सूर्य, दिवाकर, भास्कर	the sun
রবিখন্দ/ রবিশষ্য	বি	**रविखन्द/** **रविशष्य**	বসন্তকালে যে শষ্য কাটা হয়, গম, যব, কলাই ইত্যাদি	वसंत ऋतु में काटी जाने वाली फसल, गेहू , जौ, दाल इत्यादि, रबी	wheat, barley etc. the spring crop
রবিচ্ছবি	বি	**रविच्छवि**	সূর্যের দীপ্তি বা শোভা	सूर्य की चमक या दीप्ति या शोभा	sun's radiance
রবিতনয়া/ রবিনন্দিনী/ রবিসুতা	বি	**रवितनया/** **रविनन्दिनी/** **रविसुता**	সূর্যের কন্যা যমুনা	रवि तनया, रवि नंदिनी, सूर्य की कन्या, यमुना	Yamuna, the daughter of the sun

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
রবিবার/ রবিবাসর	বি	**रविवार/ रविवासर**	সপ্তাহের প্রথম দিন	रविवार	Sunday
রবিরশ্মি	বি	**रविरश्मि**	সূর্যের কিরণ	रविरश्मि, सूर्य की किरण	sun rays, sun beam
রবিতনয়/ রবিসুত	বি	**रवितनय/ रविसुत**	১. সূর্যের পুত্র	रवितनय, रविपुत्र, सूर्य का पुत्र	son of the sun
			২. শনি	शनि	Saturn
			৩. যম	यम	Yama
			৪. কর্ণ	कर्ण	Karna
রভস	বি	**रभस**	১. প্রবল ভাবাবেগ	प्रबलभावावेग	a strong upsurge of emotion
			২. গভীর শোক	गहरा शोक	deep sorrow or grief,
			৩. উল্লাস	उल्लास	joy
			৪. মিলন, সম্ভোগ	मिलन, संभोग	bliss or sexual pleasure
রমজান	বি	**रमजान**	রোজাপালনের মাস, মুসলমানী বৎসরের নবম মাস	रमजान, रोजा मनाने का महीना (मुसलमानों का) मुसलमानी साल का नवा महीना	the ninth month of the Muslim calender
রমণ	বি	**रमन**	১. ক্রীড়া	रमण, क्रीड़ा	sport, enjoyment
			২. মৈথুন	मैथुन	sexual intercourse
			৩. কন্দর্প	कामदेव	god of love
			৪. পতি, বল্লভ	पति, स्वामी	husband
	বিণ		১. প্রিয়	प्रिय	dear
			২. সন্তোষ বিধায়ক	सुख देने वाला	pleasant
রমণী	বি	**रमणी**	১. সুন্দরী নারী	रमणी, सुंदरी नारी	beautiful woman
			২. নারী	सुंदरी स्त्री	woman
			৩. পত্নী	पत्नी	wife
	বিণ		১. প্রিয়া	प्रिया	dear (f) ladylove
			২. সন্তোষ বিধায়িনী	सुख देने वाली	pleasing

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
রমণীয়	বিণ	**रमणीय**	মনোরম, সুন্দর	रमणीय, मनोरम, सुंदर	delightful, beautiful
রমা	বি	**रमा**	১. লক্ষ্মী	रमा, लक्ष्मी	(fem.) goddess Lakshmi
			২. প্রিয়া	प्रिया	a ladylove
			৩. সুন্দরী নারী	सुंदरी स्त्री	a sweetheart
রমাকান্ত/ রমানাথ/ রমাপতি/ রমেশ	বি	**रमाकान्त/ रमानाथ/ रमापति/ रमेश**	বিষ্ণু, নারায়ণ	रमाकांत, रमानाथ, रमापति, विष्णु, नारायण	Vishnu husband of Rama
রম্ভা	বি	**रम्भा**	১. কদলী	केला	the banana,
			২. অপ্সরা বিশেষ	रंभा एक अप्सरा का नाम	one of the nymphs of paradise
রম্য	বিণ	**रम्य**	রমনীয়, সুন্দর, মনোরম	रम्य, रमणीय, सुंदर, मनोरम	beautiful, charming
রলা	বি	**रला**	শাল প্রভৃতি গাছের সরু গুঁড়ি	साल वृक्ष का पतला तना	a cylindrical piece of a tree stump
রশনা	বি	**रशना**	মেখলা, স্ত্রীলোকের কটিভূষণ	मेखला या करधनी कमर का आभूषण	an ornamental girdle
রশারশি	বি	**रशारशि**	দড়াদড়ি, সরু ও মোটা দড়ি	रस्सा, रस्सी, पतली और मोटी रस्सी	strings of various sizes taken collectively, cordage
রশি	বি	**रशि**	১. দড়ি, রজ্জু	डोरी, रस्सी	cord, rope,
			২. জমি জরীপের পরিমাপ শিকল বা চেন	जमीन मापने की जरीब	measuring chain
রশুম/ রসুন	বি	**रशुम/ रसुन**	পিয়াজ জাতীয় তীব্র গন্ধযুক্ত কন্দ বিশেষ	लहसुन	garlic

বাংলা মূল শব্দ	ব্যাকরণ সংকেত	দেবনাগরী লিপ্যন্তর	বাংলা অর্থ	হিন্দী অর্থ	ইংরেজি অর্থ
রশ্মি	বি	**रश्मि**	১. কিরণ	রश्मि, किरण	ray
			২. রজ্জু	रस्सी	rope
			৩. লাগাম	लगाम	bridle
			৪. নেত্রলোম	बरौनी या पलक	eyelash
রস	বি	**रस**	১. স্বাদ	रस, स्वाद	savour
			২. নির্যাস	निकलने वाला तरल पदार्थ	liquid secretion
			৩. আর্দ্রতা	आर्द्रता	essence
			৪. সম্বল	भावना	sentiment
